# বিদ্যুৎ সংকটের কারণ খতিয়ে দেখার আহ্বান রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশে একের পর এক বিদ্যুৎকেন্দ্রে কারিগরি ত্রুটি দেখা দেওয়ায় বিদ্যুৎ সংকট কৃত্রিমভাবে তৈরি করা হচ্ছে কি না, এমন প্রশ্ন তুলেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

শনিবার (১২ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে ১২ দলীয় জোট আয়োজিত 'দেশের চলমান সংকট ও দেশপ্রেমিক শক্তির করণীয়' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, ভারতের ঝাড়খণ্ড থেকে বাংলাদেশে আসা বিদ্যুৎ সরবরাহে একটি ইউনিটের সমস্যার প্রভাব পড়েছে। তবে একই সময়ে দেশের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রে কেন ধারাবাহিকভাবে কারিগরি ত্রুটি দেখা দিচ্ছে, তা নিয়ে মানুষের মধ্যে প্রশ্ন তৈরি হয়েছে।

তিনি বলেন, সরকার বিদ্যুৎকেন্দ্রগুলোর পাওনা পরিশোধ এবং ভারতের সঙ্গে বিদ্যুৎ চুক্তির অর্থ পরিশোধে উদ্যোগী হয়েছে। এরপরও পরিস্থিতির অবনতি হওয়ায় এর পেছনে কোনো নাশকতা বা ষড়যন্ত্র আছে কি না, তা খতিয়ে দেখা প্রয়োজন।

LENS ASIA

সামাজিক সুরক্ষা কর্মসূচির কথাও তুলে ধরে বিএনপির এই নেতা বলেন, ফ্যামিলি, কৃষক ও প্রবাসী কার্ডসহ বিভিন্ন উদ্যোগ সাধারণ মানুষের জন্য নেওয়া হয়েছে। এসব কর্মসূচি বাধাগ্রস্ত করার কোনো চেষ্টা হচ্ছে কি না, সেটিও গুরুত্ব দিয়ে দেখা দরকার।

নিষিদ্ধ আওয়ামী লীগের সাম্প্রতিক কর্মকাণ্ডের সমালোচনা করে রিজভী বলেন, দলটির কর্মকাণ্ড নিয়ে গোয়েন্দা সংস্থাগুলোর আরও সতর্ক থাকা প্রয়োজন। অতীতের সহিংসতার পুনরাবৃত্তি যেন না ঘটে, সে বিষয়ে সবাইকে সজাগ থাকার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, কোনোভাবেই দেশে ফ্যাসিবাদের পুনরাবৃত্তি হতে দেওয়া যাবে না।